



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০২/০২/২০২২ খ্রিঃ

প্রেস রিলিজ

মানবতার বন্ধনে রংপুর কর্তৃক এতিমখানা ও হেফজখানায় শীতবস্ত্র বিতরণ



গত ০২/০২/২০২২ খ্রি. রংপুর মেট্রোপলিটন পুলিশের হারাগাছ থানাধীন মদামুদনে অবস্থিত 'মানবতার বন্ধনে এতিমখানা ও হেফজখানা'য় ১৭৪ জন ও তাজহাট থানাধীন দর্শনায় অবস্থিত 'মানবতার বন্ধনে এতিমখানা ও হেফজখানা'য় ২০৫ জনসহ সর্বমোট ৩৭৯ জন শিক্ষার্থীর মাঝে 'মানবতার বন্ধনে রংপুর' কর্তৃক শীতবস্ত্র বিতরণ করা হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন 'মানবতার বন্ধনে', রংপুর সংগঠনের প্রতিষ্ঠাতা ও প্রধান উপদেষ্টা জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ বিপিএম, পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর মহোদয়। তিনি উক্ত এতিমখানা ও হেফজখানায় শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন উপ-পুলিশ কমিশনার (সিটিএসবি) জনাব আবু বকর সিদ্দীক, উপ-পুলিশ কমিশনার (সদর দপ্তর ও প্রশাসন) জনাব মোঃ মহিদুল ইসলাম পিপিএম, সহকারী পুলিশ কমিশনার (স্টাফ অফিসার), সহকারী পুলিশ কমিশনার (স্টাফ অফিসার), অফিসার ইনচার্জ - হারাগাছ থানা, সরাই ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এবং 'মানবতার বন্ধনে রংপুর' এর অন্যান্য সদস্যবৃন্দ।

০২.০২.২০২২

(মোঃ সাজ্জাদ হোসেন)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৩২০-০৭৩৬৬১